নুসরাতের বাড়িতে আগুন পরিকল্পিত নাশকতা: রিজভী



রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

এনসিপি নেত্রী ও সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য নুসরাত তাবাসসুমের কুষ্টিয়ার বাড়িতে অগ্নিসংযোগকে পরিকল্পিত নাশকতা বলে মন্তব্য করেছেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী।

বৃহস্পতিবার (১২ নভেম্বর) নর্থ সাউথ ইউনিভার্সিটিতে জাতীয় বিপ্লব ও সংহতি দিবসের আলোচনা সভায় তিনি বলেন, বিভিন্ন দিক থেকে দেশে অস্থিতিশীল পরিস্থিতি তৈরির চেষ্টা চলছে। ফ্যাসিবাদের পুনরাবৃত্তি ঠেকাতে স্থায়ী গণতান্ত্রিক পরিবেশ প্রতিষ্ঠার ওপরও গুরুত্ব দেন তিনি।

রিজভীর অভিযোগ, আওয়ামী ফ্যাসিবাদের পক্ষে অবস্থান নিয়ে দেশের অনেক বুদ্ধিজীবী তাঁদের নৈতিক অবস্থান হারিয়েছেন। একই সঙ্গে পাঠ্যপুস্তকে মনগড়া ইতিহাস তুলে ধরে স্বৈরাচারী সরকার শিক্ষাব্যবস্থাকে প্রশ্নবিদ্ধ করেছিল বলেও মন্তব্য করেন তিনি।

LENS ASIA